তারিখ: ০৩ জুন ২০২৫

# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

অন্তবর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) কর্তৃক গৃহীত সংস্কার/উন্নয়নমূলক ও গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট উল্লেখযোগ্য কার্যক্রম/অর্জনের তথ্য:

| ক্রমিক নং | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) কর্তৃক গৃহীত সংস্কার/উন্নয়নমূলক ও গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট উল্লেখযোগ্য কার্যক্রম/অর্জনের তথ্য | মন্তব্য |
|---|---|---|
| ০১. | • বাসস আইন, ২০১৮ এর আলোকে সংস্থার চাকুরি বিধিমালা, নিয়োগ ও পদোন্নতি নীতিমালা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।<br>• সাংবাদিক ও প্রশাসনিক কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বৈষম্য নিরোসন ও ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে উচ্চ আদালতের নির্দেশনার আলোকে সাংবাদিকদের ন্যায় প্রশাসনিক কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীর বয়সসীমা ৬০ থেকে ৬২ বছর বৃদ্ধির বিষয়টি চলমান রয়েছে।<br>• অডিওভিজ্যুয়াল টেকনোলজি ব্যবহারের মাধ্যমে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচার ব্যবস্থা অব্যহত রাখার লক্ষ্যে সংস্থায় অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচারের ব্যবস্থা গ্রহণে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।<br>• সংস্থার কাজকে গতিশীল করা, অনলাইন সেবার মান বৃদ্ধিসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতিবাচক সংবাদ প্রচারের লক্ষ্যে **৮ জন** স্টাফরিপোর্টার/সাবএডিটর নিয়োগ দেয়া হয়েছে।<br>• নতুন ব্যবস্থাপনা দায়িত্ব নেওয়ার পর ফ্যাসিস্ট সরকারের আমলে জেলা পর্যায়ে নিয়োজিত চিহ্নিত দলীয় সাংবাদিকদের স্থলে পেশাদার সাংবাদিকদের নিয়োগদানের প্রক্রিয়া চলমান আছে। অদ্যাবধি **৬৯ জন** পেশাদার জেলা সাংবাদিক ও বিশ্ববিদ্যালয় প্রতিনিধি নিয়োগ দেয়া হয়েছে।<br>• আওয়ামী লীগ সরকারের আমলে **বঞ্চিত ১৮ জন** সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে পদোন্নতি ও গ্রেডআপ প্রদান করা হয়েছে।<br>• অন্যায়ভাবে রাজনৈতিক বিদ্বেষবশত চাকুরিচ্যুত করে বৈষম্য তৈরি করা হয়েছে এমন **৫ জন** সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর সৃষ্ট বৈষম্য নিরসনের জন্য চাকুরিতে পুনর্বহাল করা হয়েছে।<br>• বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সম্পর্কিত সকল সংবাদ, ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহপূর্বক "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি করে নিয়মিত প্রচারের কাজ চলমান রয়েছে।<br>• গত ২১ আগস্ট ২০২৪ থেকে ০৩ জুন-২০২৫ পর্যন্ত সময়ে সংস্থা থেকে এবিষয়ে বাংলায় ৫৫৩ টি ও ইংরেজিতে ২৭০টিসহ মোট **৮২৩টি সংবাদ সংগ্রহ করে প্রতিবেদন** আকারে প্রচার করা হয়েছে।<br>• বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে অদ্যাবধি **১৫০০ এর অধিক** সংবাদ সংগ্রহ করে প্রচার করা হয়েছে এবং এবিষয়ে সংবাদ প্রচারের কাজ চলমান রয়েছে।<br>• অন্তবর্তীকালীন সরকারের ১০০ দিনের সাফল্য নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বাসস ইংরেজিতে **২৭টি** ও বাংলায় **২২টি**সহ মোট **৪৯টি** বিশেষ প্রতিবেদন প্রচার করেছে। | |

০৩/৬/২৫

| ক্রমিক নং | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) কর্তৃক গৃহীত সংস্কার/উন্নয়নমূলক ও গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট উল্লেখযোগ্য কার্যক্রম/অর্জনের তথ্য | মন্তব্য |
|---|---|---|
| | • সারা দেশের শিক্ষা, কৃষি, গ্রন্থাগার, প্রযুক্তি, সংস্কৃতি বিষয়ে তরুণদের উদ্যোগ, ক্রীড়া উদ্যোগ ও ক্রীড়া ক্ষেত্রের উদীয়মান ক্রীড়াবিদদের সংবাদ, পর্যটন কেন্দ্র ও পর্যটন উদ্যোগ, দেশের ক্রীড়াঙ্গন ও ক্রীড়া অবকাঠামো নিয়ে বাসস থেকে সংবাদ প্রচারের মাধ্যমে দেশের তরুন সমাজকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বাসস থেকে নিয়মিত সংবাদ প্রচার করা হচ্ছে।<br>• বাসস'র ওয়েবসাইটে "তারুণ্যের উৎসব-২০২৫" বাংলা শিরোনামে ও"Festival of Youth-2025" ইংরেজি শিরোনামে নতুন একটি ট্যাব খোলা হয়েছে। তারুণ্যের উৎসব ও তরুণ উদ্যোক্তা বিষয়ে বাসস থেকে **৫২৭টি** প্রতিবেদন তৈরি করে প্রচার করা হয়েছে। এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>• জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের নিয়ে বাসস থেকে প্রকাশিত প্রতিবেদনগুলো বাছাই করে ইংরেজি ও বাংলা ভাষায় দুটি গ্রন্থ প্রকাশের কাজ চলমান রয়েছে।<br>• জাতীয় বার্তা সংস্থা বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) অন্তর্বর্তীকালীন সরকারের একশ' দিনের কর্মসূচির আওতায় বৈষম্য বিরোধী আন্দোলনে শহীদ ছাত্র জনতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদকের সভাপতিত্বে গত ৩০ নভেম্বর ২০২৪ তারিখ শনিবার বিকাল ৫:০০ টায় জাতীয় প্রেস ক্লাবের সেমিনার কক্ষে **'স্মৃতির মিনার: গণঅভ্যুত্থান ২০২৪'** শীর্ষক একটি স্মরণ সভার আয়োজন করা হয়েছে। | |

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান সম্পাদক